
আধুনিক ভারতীয় কথাসাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন : পুনঃপাঠ ও পর্যালোচনা

# আধুনিক ভারতীয় কথাসাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন

## পুনঃপাঠ ও পর্যালোচনা




**সম্পাদনা**

ড. নীলাঞ্জনা ভট্টাচার্য্য

ড. সাধন চন্দ্র পণ্ডিত

ড. দীপক সোম

শ্রী সনৎ পান

# আধুনিক ভারতীয় কথাসাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন

## পুনঃপাঠ ও পর্যালোচনা

সম্পাদনা

ড. নীলাঞ্জনা ভট্টাচার্য্য
ড. সাধন চন্দ্র পণ্ডিত
ড. দীপক সোম
শ্রী সনৎ পান

AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

**First Published on 31st July, 2024**
**By**
# Amitrakshar™
**Publishers**
Kolkata -700068
© Copyright reserved by Department of Bengali
Narajole Raj College
**ISBN: 978-93-6008-051-8**
(Hardback)
Price: 600.00
Title of the Book: Adhunik Bharatiya Kathasahitye Jibansangram O Udbartan : Punahpath O Parjalochona (আধুনিক ভারতীয় কথাসাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন : পুনঃপাঠ ও পর্যালোচনা)
EDITORS: Dr. Nilanjana Bhattacharyya
Dr. Sadhan Chandra Pandit
Dr. Dipak Shom
Sri Sanat Pan
Language: Multiple Language
Publisher and Type setter: Amitrakshar Publishers
Typeset in Akruti & Times New Roman
**Page No.: 383**
Printed by: M. Enterprises
Website: www.amitrakshar.co.in
Email id: amitrakshar publishers@gmail.com
Phone number: 9735768900
**Published by:**

**Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata- 700068**
**City Office: Maghlaya Apartment, Dum Dum, 6 Jossore Road, Kolkata - 700028**

*All rights reserved. No part of this book may be reprinted or reproduced or utilised in any form or by any electronic, mechanical or other means, now known or hereafter invented, including, photocopying and recording, or in any information storage or retrieval system, without permission in writing from the publisher.*
*This is a work of Fiction. The characters, places, organisations and events described in this book are either a work of author's imagination or have been used fictitiously. Any resemblance to people, living or dead, places, events, communities or organisations is purely coincidental.*

গুণীজন ও ছাত্র-ছাত্রীদের প্রতি

# সম্পাদকীয়

২০২০ খ্রিস্টাব্দ। বিশ্বব্যাপী ত্রাস ও মৃত্যুচিন্তায় আচ্ছন্ন এক সময়ে বাংলা বিভাগ, নাড়াজোল রাজ কলেজ, আয়োজন করেছিল একটি জাতীয় স্তরের আলোচনাচক্র (WEBINAR), যার শিরোনাম ছিল— "আধুনিক ভারতীয় কথাসাহিত্য: জীবনসংগ্রাম ও উদ্বর্তন প্রসঙ্গ"।

বিশ্ব তখন করোনা ভাইরাস নামক এক ভয়ানক সংক্রামক ব্যাধির তাড়নায় বিপন্ন। শতাব্দীর সেই কালবেলাতে দাঁড়িয়ে জীবনের স্বাভাবিক তাগিদেই আমরা চাইছিলাম গভীরতর অসুখের সেই সময় অতিক্রম করে জীবনের কোনো এক স্থির ভূমিতে উপনীত হতে।

সাহিত্য, অভিজ্ঞতালব্ধ জীবন সত্যেরই শিল্পিত রূপ। জীব ও জীবন যেহেতু স্বাভাবিক ভাবেই উদ্বর্তন প্রত্যাশী, তাই সাহিত্যেও তারই প্রতিফলন ঘটে থাকে। বাংলা বিভাগ এই আলোচনাচক্রের সূত্রে সেই শাশ্বত অনুভূতিকেই সমকালের প্রেক্ষাপটে আরও একবার পুনরাবলোকন করবার প্রয়োজন অনুভব করেছিল। আমরা প্রত্যাশা করেছিলাম, এই পুনঃপাঠ ও পুনর্বীক্ষণ বিষণ্ণ সেই সময়ে ইতিবাচক এক জীবনবোধে আমাদের স্থিত থাকতে সহায়তা করবে। সাহিত্যের সাক্ষ্য, জীবনের প্রতিদৈনিকের ইতিবৃত্ত, নিশ্চিতভাবেই বিশ্বব্যাপী বেদনা ও নৈরাশ্যের মধ্যেও আমাদের সূর্যকরোজ্জ্বল এক নতুন প্রভাতের ইঙ্গিত দিতে সক্ষম হবে— এই বিশ্বাস সেদিন আমাদের চালিত ও প্রাণিত করেছিল।

সেদিনের সেই প্রচেষ্টার পরিণত প্রকাশ এই বইটি— "আধুনিক ভারতীয় কথাসাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন : পুনঃপাঠ ও পর্যালোচনা"। দ্বি-দিবসীয় সেই আলোচনাচক্রে বিশেষজ্ঞ ও গবেষকদের দ্বারা পঠিত গবেষণাপত্রগুলি এখানে গ্রন্থাকারে সংকলিত হল। গবেষকদের প্রেরণ করা পূর্ণাঙ্গ গবেষণাপত্রগুলি পরবর্তীকালে রিভিউ কমিটির দ্বারাও পুনর্মূল্যায়ন করা হয়েছে। রিভিউ কমিটির দ্বারা নির্বাচিত ও মূল্যায়িত রচনাগুলিই এখানে কেবলমাত্র সংকলিত হয়েছে।

বর্তমান গ্রন্থ সেই চল্লিশটি প্রবন্ধের সংকলন। প্রবন্ধগুলিতে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে আলোচনাচক্রের মূল পরিসরকে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। আলোচনাগুলিকে গ্রন্থ সজ্জার প্রয়োজনে আমরা চারটি পর্যায়ে বিন্যস্ত করেছি। প্রথম পর্যায়ে সংকলিত হয়েছে বিশেষজ্ঞদের প্রবন্ধগুলি। দ্বিতীয় পর্যায়ে সংকলিত হয়েছে কথাসাহিত্য ও উপন্যাস নির্ভর প্রবন্ধগুলি। তৃতীয় পর্যায়ে সংকলিত হয়েছে ছোটগল্প কেন্দ্রিক আলোচনাগুলি। আর চতুর্থ পর্যায়ে সংকলন করা হয়েছে প্রাদেশিক সাহিত্য নির্ভর প্রবন্ধগুলিকে।

ড. শ্রাবণী পালের রচনার শিরোনাম 'জীবনের চড়াই-উৎরাই : আধুনিক বাংলা ছোটগল্প'। নির্বাচিত কয়েকটি বাংলা ছোটগল্প অবলম্বনে এই প্রবন্ধে তিনি মানুষের জীবনসংগ্রামের নানা স্তর— তার প্রতিবাদ, তার আত্মসমর্পণ, তার হতাশা ও জয়োল্লাস, তার সহিষ্ণুতা ও সংবেদশীলতা, তার রণকৌশল, আত্মবিশ্বাস ও উত্তরণের সন্ধান করেছেন। 'সাত ও আট দশকের বাংলা উপন্যাসে গ্রামীণ জীবনসংগ্রাম' শীর্ষক প্রবন্ধটি লিখেছেন ড. শান্তনু মণ্ডল। সাত ও আট দশকের গ্রামীণজীবন কিভাবে পূর্বকালীন বাংলাদেশের গ্রামীণজীবন থেকে পৃথক হয়ে যায়, নতুন সামাজিক-রাজনৈতিক পরিসরে গ্রামীণ মানুষকে উপস্থাপিত করে, সাহিত্য ও সাহিত্যিক উভয়কেই নতুন সময়ের প্রেক্ষিতে উপস্থাপিত করাই ছিল তাঁর রচনার মৌল অভিপ্রায়। ড. নির্মল দাসের প্রবন্ধের শিরোনাম 'ত্রিপুরার উপন্যাস : তৃতীয় ভুবনের স্বতন্ত্র স্বর'। ত্রিপুরার সাহিত্যে মানুষের জীবনসংগ্রাম ও উদ্বর্তন প্রয়াস কিভাবে দেখা যাচ্ছে সেটাই এই আলোচনার উপজীব্য। 'ভারতীয় ছোটগল্পে জীবন সমস্যা ও উদ্বর্তন : একটি অনুসন্ধান' শীর্ষক প্রবন্ধে ড. চন্দ্রমল্লী সেনগুপ্ত প্রাদেশিক ছোটগল্পের প্রেক্ষিতে তাঁর আলোচ্য বিষয়টিকে উপস্থাপিত করেছেন। স্থানিক ভিন্নতা থাকলেও জীবনসমস্যা ও উদ্বর্তন চেষ্টায় সব মানুষ একই ভূমিতে দণ্ডায়মান— তাঁর লেখা প্রবন্ধটি পাঠকের কাছে এই বার্তাই প্রেরণ করে। 'সাহিত্যিক নীরবতা এবং 'নো ম্যান্‌স ল্যান্ড' বিষয়ক বাংলা কথাসাহিত্য' শীর্ষক আলোচনাটি করেছেন ড. মহর্ষি সরকার। 'নো ম্যান্‌স ল্যান্ড' হিসেবে চিহ্নিত এলাকার মানুষদের জীবনসমস্যা, অসহায়তা বর্ণনাকারী ছোটগল্পগুলি এই আলোচনার মূল অবলম্বন। 'আসামের ছোটোগল্পে মানবজীবনলীলা' শীর্ষক আলোচনাটি করেছেন ড. সালেহা খাতুন। ১৯৭০ খ্রিস্টাব্দের পরবর্তীকালীন সামাজিক-রাজনৈতিক পরিস্থিতি আসামের ছোটগল্পের বিষয়বস্তু রূপে জায়গা করে নিয়েছে। নির্বাচিত দশজন গল্পকারের গল্প বিশ্লেষণ করে আসামের জনজীবনের বিবিধ ওঠা-পড়া, মানবজীবনের বৈচিত্র্যকে

তিনি উপস্থাপিত করতে চেয়েছেন। 'সাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন : নির্বাচিত ভারতীয় ছোটগল্পের প্রেক্ষিতে' শীর্ষক আলোচনায় ড. নীলাঞ্জনা ভট্টাচার্য্য নির্বাচিত বাংলা এবং প্রাদেশিক ছোটগল্পের তুলনাত্মক আলোচনা করে মানবজীবন কত বিচিত্র সংগ্রামের সম্মুখীন হয় এবং এই জীবনসংগ্রামের সঙ্গে মানুষের সম্বন্ধই বা কী, তা বুঝে নিতে চেয়েছেন। 'সৈকত রক্ষিতের কথাজগৎ : হাড়-হাভাতে মানুষদের জীবনসংগ্রামের আখ্যান' শীর্ষক আলোচনায় ড. অরূপ পলমল সৈকত রক্ষিতের গল্প ও উপন্যাসে পুরুলিয়ার দরিদ্র-অন্তেবাসী মানুষের জীবনসংগ্রামের চিত্রসমূহের উপস্থাপনা করেছেন।

বিগত কয়েক দশক ধরে 'নিম্নবর্গ' সাহিত্যের এক বিশিষ্ট পরিসর হয়ে উঠেছে। বিশেষতঃ 'জীবনসংগ্রাম' শব্দটি তাঁদের জীবনচর্যার একটি অনিবার্য বিষয় হয়ে উঠেছে। ঋতুপর্ণা দাস 'সাম্প্রতিক বাংলা কথাসাহিত্যে নিম্নবর্গের জীবন চর্চা: প্রসঙ্গ মনোরঞ্জন ব্যাপারী' শীর্ষক প্রবন্ধে মনোরঞ্জন ব্যাপারীর জীবন ও সাহিত্য অবলম্বনে দলিত সমাজের নিজস্ব বয়ান এক দলিতের অভিজ্ঞতায় কিভাবে বর্ণিত হচ্ছে তার মূল্য নিরূপণ করতে চেয়েছেন।

'সোনাপদ্মা : ভাঙ্গনের কালচিহ্নক উপন্যাস' শীর্ষক প্রবন্ধে ড. নির্মাল্য মণ্ডল দিনেশচন্দ্র রায়ের 'সোনাপদ্মা' উপন্যাসটির আলোচনা করেছেন। তাঁর আলোচনার অভিপ্রায় হল বিশ শতকের তিনের ও চারের দশকের ক্রান্তিকালে, প্রাক-স্বাধীনতা পর্বে, এদেশীয় গণজীবনের স্বরূপ বিশ্লেষণ। 'পঞ্চাশের মন্বন্তর ও মানুষের সংগ্রামী জীবন: প্রেক্ষিত তারাশঙ্করের 'মন্বন্তর' উপন্যাস' প্রবন্ধে ড. সুবীর ঘোষ 'মন্বন্তর' উপন্যাস অবলম্বনে পঞ্চাশের মন্বন্তরের প্রেক্ষাপটে মানুষের জীবনসংগ্রাম ও উদ্বর্তন চেষ্টার বিশ্লেষণ করেছেন। 'প্রান্তিক সমাজের জীবনসংগ্রামের প্রতিচ্ছবি 'অরণ্যের অধিকার' এবং ...' প্রবন্ধে ড. বিনোদ সরকার মহাশ্বেতা দেবীর নির্বাচিত কথাসাহিত্য অবলম্বনে প্রান্তিক মানুষের জীবনসংগ্রামের ইতিবৃত্ত বর্ণনা করেছেন। যে বর্ণনার সূত্রে তিনি আলোচ্য বিষয়ে লেখকের empathy-র কথাও স্মরণ করতেও বিস্মৃত হন না। ড. পরিতোষ মাহাত 'কুলিকাহিনী : পরিযায়ী শ্রমিকদের জীবনসংগ্রাম' শীর্ষক প্রবন্ধে পরিযায়ী শ্রমিকদের জীবনসংগ্রামের আখ্যান বিবৃত ও বিশ্লেষণ করেছেন। ড. দীপক সোম আলোচনা করেছেন 'মৎস্যগন্ধা' উপন্যাস বিষয়ে। তাঁর প্রবন্ধের শিরোনাম 'বলরাম রায়ের 'মৎস্যগন্ধা': মুক্তি সংগ্রামের এক অনন্য উদ্ভাস'। দক্ষিণ চব্বিশ পরগণার ফ্রেজারগঞ্জ উপকূলবর্তী অঞ্চলের জেলে জীবনকে কেন্দ্র করে এই উপন্যাসের কাহিনী আবর্তিত হয়েছে। ধীবর জীবনের সংগ্রাম এবং মহাজনী শোষণের হাত থেকে

তাদের মুক্তিপ্রয়াস এই উপন্যাসে বর্ণিত। কেবল অর্থনতিক মুক্তি নয়, সামাজিক মুক্তিও এই উপন্যাসের নিপীড়িত মানুষদের অন্বিষ্ট। 'তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ধাত্রীদেবতা: সময়, সত্তা ও সত্যোপলব্ধির অভিযাত্রা' শীর্ষক প্রবন্ধটি লিখেছেন ড. সাধনচন্দ্র পণ্ডিত। 'ধাত্রীদেবতা' উপন্যাসে শিবনাথের 'journey'-র অনুধাবনই ছিল প্রাবন্ধিকের রচনার অভিপ্রায়। নির্দিষ্ট দেশ–কালের প্রেক্ষিতে সামাজিক ও ব্যক্তিক দ্বন্দ্বকে অতিক্রম করে আপন সত্তা ও জীবনের মৌল সত্যকে খুঁজে পাওয়াতেই শিবনাথের জীবন এক পূর্ণতার বৃত্তকে স্পর্শ করতে পেরেছে। ড. রণজিৎ কুমার বাউলিয়া 'বাংলা উপন্যাস সাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন প্রসঙ্গ : সাধন চট্টোপাধ্যায়ের গহিন গাঙ' শীর্ষক প্রবন্ধে 'গহিন গাঙ' উপন্যাসের কাহিনী অবলম্বনে জীবনসংগ্রাম ও উদ্বর্তন বিষয়টিকে ব্যাখ্যা করতে চেয়েছেন। 'ঔপন্যাসিক শুকদেব দাসের 'বম্বে ব্লাড' সংগ্রাম মুখর জীবন অভীপ্সা' শিরোনামাঙ্কিত প্রবন্ধে অরীন্দ্রজিৎ ব্যানার্জী 'বম্বে ব্লাড' নামক বিরল গ্রুপের রক্তকে কেন্দ্র করে তরুণ দম্পতির জীবনসংগ্রামের কাহিনী বিবৃত করেছেন। নাজিবুর রহমান মল্লিক তাঁর 'আশাপূর্ণা দেবীর ত্রয়ী উপন্যাসে নারীচেতনা ও জীবনের দ্বন্দ্ব' শীর্ষক প্রবন্ধে আশাপূর্ণা দেবীর 'ত্রয়ী' উপন্যাসে অবরোধবাসিনীর মুক্তি আকাঙ্ক্ষা যেভাবে ব্যক্ত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করেছেন। 'চরকেন্দ্রিক জনপদ : প্রান্তিক জীবনের দ্বন্দ্বময় আখ্যান 'প্রান্তিক' শীর্ষক প্রবন্ধে মোঃ সিরাজদোল্লাহ্ এক সমৃদ্ধ জনপদের 'প্রান্তিকে' পর্যবসিত হওয়া ও সেখানে বসবাসকারী মানুষদের জীবনসংগ্রামের কাহিনী বিবৃত করেছেন। 'শোষণের নবরূপ ও উদ্বর্তন প্রসঙ্গ : ভগীরথ মিশ্রের 'আড়কাঠি' শীর্ষক প্রবন্ধে লক্ষ্মীকান্ত দোলই ভগীরথ মিশ্রের 'আড়কাঠি' উপন্যাস অবলম্বনে গজাসিমুলিয়া গ্রামের মানুষের জীবনসংগ্রাম ও উদ্বর্তনের কাহিনী বর্ণনা করেছেন। রংলাল ও রাজীব নামের দুই অত্যাচারীর বিরুদ্ধে গ্রামের মানুষের সমবেত লড়াই এই উপন্যাসের উপজীব্য। 'তিস্তাপারের বাঘারুদের জীবন বৃত্তান্ত: পরিধি থেকে কেন্দ্রের দিকে যাত্রা' শীর্ষক প্রবন্ধে সুপ্রিয়া দাস 'তিস্তাপারের বৃত্তান্ত' উপন্যাস অবলম্বনে তিস্তাপারের শ্রমজীবী মানুষদের জীবনসংগ্রামের প্রসঙ্গটি বিবৃত করেছেন। 'অরণ্যের অধিকার: সংকট উত্তরণের এক নবদিগন্ত' শিরোনামাঙ্কিত প্রবন্ধে অনিল কুমার খাটুয়া মহাশ্বেতা দেবীর 'অরণ্যের অধিকার' উপন্যাস অবলম্বনে আদিবাসী মানুষের জীবনসংগ্রাম ও মুক্তিপ্রয়াসকে বিবৃত করেছেন। 'স্মৃতির টানই মানুষের বাঁচার প্রেরণা : আফসার আমেদের সেই নিখোঁজ মানুষটা' শীর্ষক প্রবন্ধে অমিত চক্রবর্তী, আফসার আমেদের 'সেই নিখোঁজ মানুষটা' উপন্যাস অবলম্বনে বারবার হারিয়ে গিয়েও নতুন ভাবে বাঁচার প্রেরণার থিমটিকে ঘিরে মানুষের উদ্বর্তন চেষ্টাকে ব্যাখ্যা করেছেন।

'The Voice of the Subaltern Women: An Analysis of Mahasweta Devi's Rudali' শীর্ষক প্রবন্ধটি লিখেছেন ড. দীপঙ্কর পাড়ুই। শোষিত ও প্রতিবাদী দলিত নারীর জীবনসংগ্রাম এই প্রবন্ধের উপজীব্য। 'দাঙ্গা, দেশভাগ, উদ্বাস্তু সমস্যা ও বাংলা ছোটগল্প: উদ্বর্তন প্রয়াস' শীর্ষক প্রবন্ধে জয়ন্ত কুমার মণ্ডল দেশভাগের নির্বাচিত গল্প অবলম্বনে দেশভাগের প্রেক্ষাপটে মানুষের সংগ্রাম ও বেঁচে থাকার প্রয়াসের বিষয়টিকে উপস্থাপিত করেছেন। 'আব্বাজানের হাড়: অসহায়ের ঝুলি ভরে মৃতের পাঁজর' শীর্ষক প্রবন্ধে ড. বুবুল শর্মা দেবব্রত চৌধুরীর 'আব্বাজানের হাড়' গল্প অবলম্বনে দেশবিভাগোত্তর উদ্বাস্তু জীবনের সমস্যা ও সাধারণ মানুষের আশার আলোয় উত্তরণের এক অসামান্য প্রয়াসকে বিবৃত করেছেন। 'রমাপদ চৌধুরীর : রেবেকা সোরেনের কবর – শেকড়ে ফেরার গল্প' প্রবন্ধে ড. সুশান্ত কুমার দোলই রমাপদ চৌধুরীর উল্লিখিত গল্পটি অবলম্বনে জনজাতি ভিত্তিক সমাজে ধর্মকেন্দ্রিক একটি সংকট ও তার থেকে উত্তরণের আখ্যানকে বর্ণনা করেছেন। 'তারাশঙ্করের গল্প: অস্তিত্বের সংগ্রাম ও উদ্বর্তনের নবরূপ' শীর্ষক প্রবন্ধে শুভাশিস আচার্য তারাশঙ্করের নির্বাচিত গল্পের বিশ্লেষণের মাধ্যমে প্রবৃত্তি তাড়িত জীবনে মানুষের জীবনসংগ্রাম ও উদ্বর্তন চেষ্টার শিল্পরূপকে মূল্যায়ন করেছেন। বনফুলের 'ক্যানভাসার' গল্প কে ভিত্তি করে ড. স্বরূপ দে লিখেছেন 'বনফুলের ক্যানভাসার : বাস্তব জীবন সংগ্রামের এক জীবনচিত্র' এক ক্যানভাসারের জীবন সংগ্রাম এই প্রবন্ধটিতে ব্যক্ত হয়েছে। 'পাহাড়ি – বাঙালি দাঙ্গা : ভীষ্মদেব ভট্টাচার্যের একটি সংবাদের জন্মকথা' প্রবন্ধে সনৎ পান ১৯৮০ সালের রক্তক্ষয়ী পাহাড়ি আদিবাসীদের সঙ্গে বাঙালি দাঙ্গা, সেই দাঙ্গার সময় বিভিন্ন রাজনৈতিক দলের ভূমিকা, তাদের স্বার্থপরতা, দাঙ্গার খবরকে অবলম্বন করে সংবাদপত্রগুলির টি. আর. পি. বাড়ানোর চেষ্টা— এই সব বিষয়গুলিকে উপজীব্য করেছেন। পাশাপাশি অবশ্যই ধ্বনিত হয়েছে আশাবাদের সুর। অর্পিতা চৌধুরী লিখিত প্রবন্ধের শিরোনাম 'লিটল ম্যাগাজিন অনুসরণে অসমীয়া-বাংলা ছোটোগল্পে জীবনসংগ্রাম ও উদ্বর্তন প্রসঙ্গ'। অসমের নির্বাচিত বাংলা ছোটগল্প যেগুলি লিটল ম্যাগাজিনে প্রকাশিত সেই ছোটগল্পগুলিতে বিধৃত সামাজিক, রাজনৈতিক, ব্যক্তিক জীবন সংকটের চিত্রগুলি অবলম্বনে শ্রীমতী চৌধুরীর ভাবনা এখানে প্রকাশ পেয়েছে।

মহাশ্বেতা দেবীর 'দ্রৌপদী' গল্পে বিধৃত প্রতিবাদী চেতনাকে অবলম্বন করে লিখিত হয়েছে সুশান্ত মণ্ডলের 'মহাশ্বেতা দেবীর দ্রৌপদী : এক নকশালের জীবন সংগ্রামের কাহিনী'। নিছক টিকে থাকার ঊর্ধ্বে মানবতার স্বীকৃতি আদায়ের যে চেষ্টা— তা-ই যেন এই প্রবন্ধ রচনার অভিমুখ হয়ে উঠেছে। কার্তিক লাহিড়ীর ছোটগল্প

অবলম্বনে সুলতা হালদারের প্রবন্ধ— 'জীবনসংগ্রামের নতুন আলোকে কার্তিক লাহিড়ীর ছোটগল্প'— লিখিত হয়েছে। গল্পকার কার্তিক লাহিড়ীর গল্পভুবন ও তাঁর গল্পের প্রতিবাদী সমাজ ভাবনা এখানে পর্যালোচিত হয়েছে। স্বপ্নময় চক্রবর্তীর নির্বাচিত গল্প অবলম্বনে প্রণবেশ ঘোষ লিখেছেন 'স্বপ্নময় চক্রবর্তীর গল্প : জীবন সংগ্রামের নানারূপ' শীর্ষক প্রবন্ধটি। জঙ্গলমহলের মানুষের জীবন সংগ্রাম থেকে নাগরিক মানুষের বিচিত্র জীবনচর্যা, তার সংকট ও বেদনার কাহিনী জীবনসত্য রূপে উক্ত আলোচনায় বিবৃত হয়েছে। মানুষের উদ্বর্তন প্রয়াসের এক বিচিত্র ছবি এই আলোচনায় লভ্য। সুভাষ উপাধ্যায় লিখেছেন, বদরুজ্জামান চৌধুরীর 'কেচ্ছা' : ধর্মীয় স্থবিরতা বনাম দুনিয়ার গতিশীলতা' শীর্ষক প্রবন্ধটি। তালাক প্রথা কিভাবে নারীর জীবন সংগ্রামকে কঠিনতর করে তোলে এই গল্পে তা পর্যালোচনা করা হয়েছে। বুবাই পিরি লিখেছেন— 'প্রভাতকুমারের বি. এ. পাশ কয়েদী : প্রেম ও বাস্তবের কঠিন সংগ্রাম চিত্র' প্রবন্ধটি। সংসার জীবনের সংকট, প্রেম ও স্বাদেশিকতা বোধের সমন্বয়ে এই গল্পে বর্ণিত জীবনলীলাটি আলোচ্য প্রবন্ধের অবলম্বন হয়েছে। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত গল্প অবলম্বনে সৌরভ সামন্ত লিখেছেন— 'জীবন সংগ্রাম ও জীবনযুদ্ধে পর্যুদস্ত মানুষের প্রতিচ্ছবি : নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত গল্প'। আধুনিক জীবন সংকটের বিচিত্র দিক এখানে পর্যালোচনা করা হয়েছে।

'The story of Unarmed Mutiny of Survival: Telescoping a Critical discourse on Periphery in the Poisoned Bread by Bandhumadhav' শীর্ষক প্রবন্ধটি লিখেছেন মিলন মণ্ডল। এখানে দলিত সমাজের জীবনসংগ্রামের কাহিনী পর্যালোচনা করা হয়েছে।

গৌতম জানা লিখিত প্রবন্ধটির শীর্ষনাম— 'অসমীয়া ছোটগল্পে ( নির্বাচিত) জীবনসংগ্রাম ও উদ্বর্তন প্রসঙ্গ'। নির্বাচিত অসমীয়া ছোটগল্প অবলম্বনে অসমীয়া জনজীবনের নৈমিত্তিক সংগ্রাম, সমস্যাসঙ্কুল জীবনধারা এবং তা থেকে জীবনের পথে তাদের উত্তরণ— তা-ই অনুসন্ধান ও বিশ্লেষণের চেষ্টা করা হয়েছে এই প্রবন্ধে। সৌমেন গিরি লিখেছেন সাদাত মান্টোর 'কালো সালোয়ার': পতিতাদের জীবন সংকট ও উত্তরণ' শীর্ষক প্রবন্ধটি। বিশ শতকের মধ্যলগ্নে স্বাধীনতা আন্দোলন ও দ্বিতীয় মহাযুদ্ধ আলোড়িত সময়ে পতিতা নারীর জীবন সংকট ও উদ্বর্তন প্রয়াস এই প্রবন্ধের উপজীব্য।

বর্তমান গ্রন্থে সংকলিত প্রবন্ধগুলি বিষয়ের ব্যাপ্তি ও গভীরতায় অন্বিষ্ট ধারণাটিকে সঠিক ভাবেই পরিক্রমা করতে সক্ষম হয়েছে বলে মনে করি।

এই গ্রন্থ নির্মাণের পরিকল্পনা চলেছে বিগত তিনটি বছর ধরেই। একটি ইতিবাচক প্রচেষ্টার অন্তরালে অপরাপর অনেক মানুষেরই প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতা ও সহমর্মিতার দান রয়েই যায়। আমাদের এই উদ্যোগও তার ব্যতিক্রম নয়। আজকে সেই প্রচেষ্টার শেষ পর্যায়ে এসে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি আমাদের রিভিউ কমিটির মাননীয় সদস্যমণ্ডলীকে; যে কমিটির সদস্য ছিলেন শ্রী বিপ্লব মাজি, বিশিষ্ট সাহিত্যিক ও প্রাবন্ধিক, ড. শ্রাবণী পাল, প্রফেসর, বাংলা বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, ড. নির্মল দাস, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, ত্রিপুরা বিশ্ববিদ্যালয় এবং মহাবিদ্যালয়ের তৎকালীন অধ্যক্ষ ড. অনুপম পড়ুয়া। নাড়াজোল রাজ কলেজের বাংলা বিভাগের গ্রন্থ প্রকাশনার অর্বাচীন প্রচেষ্টা বিদগ্ধ এই বিশেষজ্ঞ মণ্ডলীর সুপরামর্শ ছাড়া সঠিক দিক নির্দেশ লাভ করত না। গ্রন্থ প্রকাশনার বিভিন্ন পর্যায়ে প্রয়োজনীয় পরামর্শ দিয়ে সহায়তা করেছেন ড. মহর্ষি সরকার, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। ড. সরকারকে আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জানালাম। শত ব্যস্ততার মাঝেও আমাদের ডাকে সাড়া দিয়ে সঠিক সময়ে লেখা পাঠিয়ে সহযোগিতা করেছিলেন বিশেষজ্ঞ মণ্ডলীর অন্তর্গত ড. চন্দ্রমল্লী সেনগুপ্ত, ড. সালেহা খাতুন, ড. শান্তনু মণ্ডল। তাদের সহযোগিতা ও ঔদার্য আমাদের স্মৃতিপথে সদাজাগরূক থাকবে। সৃজনাত্মক কর্মকাণ্ডে নিজেদের নিয়োজিত রাখার বিষয়ে আমাদের নিরন্তর উৎসাহ দিয়ে থাকেন মহাবিদ্যালয়ের পরিচালন সমিতির সভাপতি শ্রী সুজিত ব্যানার্জী সহ সকল মাননীয় সদস্যবৃন্দ। তাঁদের প্রতিও রইল আমাদের আন্তরিক শ্রদ্ধা। এই গ্রন্থ একটি জাতীয় স্তরের আন্তর্জালিক আলোচনাচক্রের পরিণাম, তা আগেই বলা হয়েছে। সেই আলোচনাচক্র সাফল্যের সঙ্গে আয়োজন করতে অকুণ্ঠ সহযোগিতা করেছিলেন নাড়াজোল রাজ কলেজের টেকনোলজি সাব কমিটির সদস্যবৃন্দ। তাঁদের সকলকে ধন্যবাদ জানাই। এই গ্রন্থের সারসংক্ষেপটি সংকলন করে দিয়েছিলেন মহাবিদ্যালয়ের টেকনোলজি সাব কমিটির জয়েন্ট কনভেনার শ্রী বরুণ রাউত; আজকের দিনে তাঁর প্রতিও আমরা কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ধন্যবাদ জানাই মহাবিদ্যালয়ের বর্তমান অধ্যক্ষ ড. বাসুদেব মণ্ডলকে; তাঁর উৎসাহ নিশ্চিতভাবেই আমাদের অনুপ্রাণিত করেছে। বাংলা বিভাগের অন্যান্য সহকর্মীবৃন্দ, এই বইয়ের প্রকাশনার সঙ্গে যাঁরা পরোক্ষভাবে যুক্ত— শ্রী অভিজিৎ চক্রবর্তী, শ্রীমতী মধুমিতা আঢ্য, শ্রীমতী দীপশ্রী রায়, শ্রী গৌতম জানার প্রতিও রইল আমাদের সবিশেষ কৃতজ্ঞতা। এই বইয়ের প্রকাশক ও অমিত্রাক্ষর পাবলিশার্সের কর্ণধার শ্রী অমিত অধিকারীর কাছে আমাদের অমেয় ঋণ স্বীকার করছি। শ্রী অধিকারীর সক্রিয় সহযোগিতা না থাকলে

এই কাজ নিশ্চিতভাবেই সম্পন্ন করা যেত না। এই বইয়ের অক্ষরবিন্যাসে সহায়তা করেছেন শ্রীমতী কাবেরী খান ও শ্রী অমিত কুমার মাইতি। তাঁদের কাছে আমরা কৃতজ্ঞ। প্রচ্ছদটি সযত্নে এঁকে দিয়েছেন শ্রী অরিজিৎ মান্না। শ্রী মান্নার কাছেও আমাদের অধমর্ণতা স্বীকার করি।

যথাসম্ভব যত্ন ও সতর্কতার সঙ্গে সম্পাদনার কাজটি সম্পন্ন করা গেছে। অনভিজ্ঞতার কারণে যদি অনিচ্ছাকৃত ত্রুটি কিছু রয়ে যায় তার জন্য আগাম ক্ষমা প্রার্থনা করে নিচ্ছি।

ছাত্রছাত্রী ও গুণীজনের আনুকূল্যই আমাদের একমাত্র প্রার্থিত। এই বইটি তাঁদেরই অর্পণ করে আমরা চরিতার্থ বোধ করছি আশা করি তাঁরা আমাদের বিমুখ করবেন না।

নমস্কারান্তে—

ড. নীলাঞ্জনা ভট্টাচার্য্য
ড. সাধন চন্দ্র পণ্ডিত
ড. দীপক সোম
শ্রী সনৎ পান

৩১ শে জুলাই, ২০২৪
(১৫ ই শ্রাবণ ১৪৩১)
নাড়াজোল

# সূচিপত্র

জীবনের চড়াই-উৎরাই : বাংলা ছোটগল্পে (নির্বাচিত) ১৭
*শ্রাবণী পাল*

সাত ও আট দশকের বাংলা উপন্যাসে গ্রামীণ জীবন সংগ্রাম ২৮
*শান্তনু মণ্ডল*

ত্রিপুরার উপন্যাস : তৃতীয় ভুবনের স্বতন্ত্র স্বর ৪২
*নির্মল দাশ*

ভারতীয় ছোটগল্পে জীবনসমস্যা ও উদ্বর্তন "একটি অনুসন্ধান" ৫৭
*ড. চন্দ্রমল্লী সেনগুপ্ত*

সাহিত্যিক নীরবতা এবং 'নো ম্যান্‌স ল্যান্ড' বিষয়ক বাংলা কথাসাহিত্য ৬৬
*মহর্ষি সরকার*

আসামের ছোটোগল্পে মানবজীবনলীলা ৮৩
*সালেহা খাতুন*

সাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন: নির্বাচিত ভারতীয় ছোটগল্পের প্রেক্ষিতে ৯৮
*নীলাঞ্জনা ভট্টাচার্য্য*

সৈকত রক্ষিতের কথাজগৎ : হাড় হাভাতে মানুষদের জীবন সংগ্রামের আখ্যান ১১১
*ড. অরূপ পলমল*

সাম্প্রতিক বাংলা কথাসাহিত্যে নিম্নবর্গের জীবন চর্চা : প্রসঙ্গ মনোরঞ্জন ব্যাপারী ১১৮
*ঋতুপর্ণা দাস*

**সোনাপদ্মা : ভাঙ্গনের কালচিহ্নক উপন্যাস** ১২৫
*ড. নির্মাল্য মণ্ডল*

**পঞ্চাশের মন্বন্তর ও মানুষের সংগ্রামী জীবন : প্রেক্ষিত তারাশঙ্করের 'মন্বন্তর' উপন্যাস** ১৩৩
*ড. সুবীর ঘোষ*

**প্রান্তিক সমাজের জীবন সংগ্রামের প্রতিচ্ছবি 'অরণ্যের অধিকার' এবং** ১৩৯
*ড. বিনোদ সরকার*

**'কুলিকাহিনী' : পরিযায়ী শ্রমিকদের জীবন সংগ্রাম** ১৪৭
*ড. পরিতোষ মাহাত*

**বলরাম রায়ের 'মৎস্যগন্ধা' : মুক্তি সংগ্রামের এক অনন্য উদ্ভাস** ১৫৯
*ড. দীপক সোম*

**তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ধাত্রীদেবতা : সময়, সত্তা ও সত্যোপলব্ধির অভিযাত্রা** ১৭০
*সাধন চন্দ্র পণ্ডিত*

**বাংলা উপন্যাস সাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন প্রসঙ্গ : সাধন চট্টোপাধ্যায়ের 'গহিন গাঙ'** ১৭৭
*ড. রণজিৎ কুমার বাউলিয়া*

**ঔপন্যাসিক শুকদেব দাসের 'বম্বে ব্লাড': সংগ্রামমুখর জীবন অভীপ্সা** ১৮৯
*অরীন্দ্রজিৎ ব্যানার্জী*

**আশাপূর্ণা দেবীর ত্রয়ী উপন্যাসে নারীচেতনা ও জীবনের দ্বন্দ্ব** ১৯৭
*নাজিবুর রহমান মল্লিক*

**চরকেন্দ্রিক জনপদ : প্রান্তিক জীবনের দ্বন্দ্বময় আখ্যান 'প্রান্তিক'** ২০৪
*মোঃ সিরাজদোল্লাহ্*

**শোষণের নবরূপ ও উদ্বর্তন : প্রসঙ্গ ভগীরথ মিশ্রের 'আড়কাঠি'** ২১২
*লক্ষ্মীকান্ত দোলই*

**তিস্তাপারের বাঘারুদের জীবনবৃত্তান্ত : পরিধি থেকে কেন্দ্রের দিকে যাত্রা** ২২৩
*সুপ্রিয়া দাস*

**অরণ্যের অধিকার : সংকট উত্তরণের এক নবদিগন্ত** ২২৯
*অনিল কুমার খাটুয়া*

**স্মৃতির টানই মানুষের বাঁচার প্রেরণা : আফসার আমেদের সেই নিখোঁজ মানুষটা** ২৪৪
*অমিত চক্রবর্তী*

**The Voice of the Subaltern Women:An Analysis of Mahasweta Devi's *Rudali*** ২৫২
*Dr. Dipankar Parui*

**দাঙ্গা, দেশভাগ, উদ্বাস্তু সমস্যা ও বাংলা ছোটগল্প : উদ্বর্তন প্রয়াস** ২৫৯
*জয়ন্ত কুমার মণ্ডল*

**আববাজানের হাড় : অসহায়ের ঝুলি ভরে মৃতের পাঁজর** ২৭১
*ড. বুবুল শর্মা*

**রমাপদ চৌধুরীর : রেবেকা সোরেনের কবর– শেকড়ে ফেরার গল্প** ২৭৭
*ড. সুশান্ত কুমার দোলই*

**তারাশঙ্করের গল্প : অস্তিত্বের সংগ্রাম ও উদ্বর্তনের নবরূপ** ২৮৬
*শুভাশিস আচার্য*

**বনফুলের ক্যানভাসার : বাস্তব জীবন সংগ্রামের এক জীবন্ত চিত্র** ২৯৯
*ড. স্বরূপ দে*

**পাহাড়ি-বাঙালি দাঙ্গা : ভীষ্মদেব ভট্টাচার্যের 'একটি সংবাদের জন্মকথা'** ৩১০
*সনৎ পান*

**লিটল ম্যাগাজিন অনুসরণে অসমীয়া বাংলা ছোটগল্পের জীবন সংগ্রাম ও উদ্বর্তন প্রসঙ্গ** ৩১৭
*অর্পিতা চৌধুরী*

**মহাশ্বেতা দেবীর ‘দ্রৌপদী’ : এক নকশালের জীবন সংগ্রামের কাহিনি** ৩২৪
*সুশান্ত মণ্ডল*

**জীবনসংগ্রামের নতুন আলোকে কার্তিক লাহিড়ীর ছোটগল্প** ৩৩২
*সুলতা হালদার*

**স্বপ্নময় চক্রবর্তীর গল্প : জীবন সংগ্রামের নানারূপ** ৩৩৮
*প্রণবেশ ঘোষ*

**বদরুজ্জামান চৌধুরীর ‘কেচ্ছা’ : ধর্মীয় স্থবিরতা বনাম দুনিয়ার গতিশীলতা** ৩৪৪
*সুভাষ উপাধ্যায়*

**প্রভাত কুমারের বি.এ. পাশ কয়েদী : প্রেম ও বাস্তব জীবনের কঠিন সংগ্রাম চিত্র** ৩৪৮
*বুবাই পিরি*

**জীবন সংগ্রাম ও জীবন যুদ্ধে পর্যুদস্ত মানুষের প্রতিচ্ছবি : নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত গল্প** ৩৫১
*সৌরভ সামন্ত*

**The Story of Unarmed Mutiny for Survival: Telescoping a Critical Discourse on Periphery in*The Poisoned Bread* by Bandhumadhav** ৩৫৮
*Milan Mondal*

**অসমীয়া ছোটগল্পে (নির্বাচিত) জীবন সংগ্রাম ও উদ্বর্তন প্রসঙ্গ** ৩৬৫
*গৌতম জানা*

**সাদাত হাসান মান্টোর কালো সালোয়ার : পতিতাদের জীবন সংকট ও উত্তরণ** ৩৭৩
*সৌমেন গিরি*

**লেখক পরিচিতি** ৩৮১

# লেখক পরিচিতি

১. ড. শ্রাবণী পাল– অধ্যাপক, বাংলা বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলকাতা।

২. ড. শান্তনু মণ্ডল– সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তিনিকেতন।

৩. ড. নির্মল দাশ– সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা।

৪. ড. চন্দ্রমল্লী সেনগুপ্ত– সহযোগী অধ্যাপক, আশুতোষ কলেজ, কলকাতা।

৫. ড. মহর্ষি সরকার– সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, পশ্চিম মেদিনীপুর।

৬. ড. সালেহা খাতুন– সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, মেদিনীপুর কলেজ (স্বশাসিত), পশ্চিম মেদিনীপুর।

৭. ড. নীলাঞ্জনা ভট্টাচার্য্য–সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, নাড়াজোল রাজ কলেজ, পশ্চিম মেদিনীপুর।

৮. ড. অরূপ পলমল– সহকারী অধ্যাপক, গভ: জেনারেল ডিগ্রি কলেজ অ্যাট গোপীবল্লভপুর- টু, ঝাড়গ্রাম।

৯. ঋতুপর্ণা দাস– গবেষক, বাংলা বিভাগ, কল্যাণী বিশ্ববিদ্যালয়।

১০. ড. নির্মাল্য মণ্ডল– সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, নিউ আলিপুর কলেজ।

১১. ড. সুবীর ঘোষ– সহকারী অধ্যাপক, কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়, বেনারস, উত্তরপ্রদেশ।

১২. ড. বিনোদ সরকার– সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, আরামবাগ গার্লস কলেজ।

১৩. ড. পরিতোষ মাহাত– অধ্যাপক, বাংলা বিভাগ, মহিষাদল গার্লস কলেজ।

১৪. ড. দীপক সোম– সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, নাড়াজোল রাজ কলেজ, পশ্চিম মেদিনীপুর।

১৫. ড. সাধন চন্দ্র পণ্ডিত– সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, নাড়াজোল রাজ কলেজ, পশ্চিম মেদিনীপুর।

১৬. ড. রণজিৎ কুমার বাউলিয়া– সহকারী অধ্যাপক, নবগ্রাম হীরালাল পাল কলেজ।

১৭. অরীন্দ্রজিৎ ব্যানার্জী– কবি ও প্রাবন্ধিক,গবেষক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল।

১৮. নাজিবুর রহমান মল্লিক– গবেষক, বাংলা বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়।

১৯. মোঃ সিরাজদোল্লাহ্– প্রাক্তন গবেষক, এম. ফিল, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

২০. লক্ষ্মীকান্ত দোলই– সহশিক্ষক, গোটগেড়্যা শিবশক্তি হাইস্কুল, গোটগেড়্যা, কেশপুর, পশ্চিম মেদিনীপুর।

২১. সুপ্রিয়া দাস– গবেষক, বাংলা বিভাগ, কল্যাণী বিশ্ববিদ্যালয়।

২২. অনিল কুমার খাটুয়া– প্রাক্তন ছাত্র, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

২৩. অমিত চক্রবর্তী– প্রাক্তন ছাত্র, বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়।

২৪. Dr. Dipankar Parui– Asst. Professor, Dept. of English, Hijli College.

২৫. জয়ন্ত কুমার মণ্ডল– সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, পাঁশকুড়া বনমালী কলেজ।

২৬. ড. বুবুল শর্মা– সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, আসাম বিশ্ববিদ্যালয়, আসাম।

২৭. ড. সুশান্ত কুমার দোলই– অধ্যক্ষ, শিলদা চন্দ্রশেখর কলেজ, ঝাড়গ্রাম।

২৮. শুভাশিস আচার্য– সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, ঝাড়গ্রাম রাজ কলেজ (মহিলা বিভাগ), ঝাড়গ্রাম।

২৯. ড. স্বরূপ দে– সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, হিজলী কলেজ।

৩০. সনৎ পান– SACT, বাংলা বিভাগ, নাড়াজোল রাজ কলেজ, পশ্চিম মেদিনীপুর।

৩১. অর্পিতা চৌধুরী– SACT, বাংলা বিভাগ, গৌরব গুঁইন মেমোরিয়াল কলেজ, পশ্চিম মেদিনীপুর।

৩২. সুশান্ত মণ্ডল– গবেষক, বাংলা বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির, বেলুড়মঠ।

৩৩. সুলতা হালদার– গবেষিকা, বাংলা বিভাগ, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তিনিকেতন।

৩৪. প্রণবেশ ঘোষ– গবেষক, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

৩৫. সুভাষ উপাধ্যায়– ছাত্র, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

৩৬. বুবাই পিরি– অতিথি অধ্যাপক, মেদিনীপুর সিটি কলেজ, পশ্চিম মেদিনীপুর।


৩৭. সৌরভ সামন্ত– স্নাতকোত্তর, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

৩৮. Milan Mondal– Asst. Professor, Dept. of English, Narajole Raj College.

৩৯. গৌতম জানা– SACT, বাংলা বিভাগ, নাড়াজোল রাজ কলেজ, পশ্চিম মেদিনীপুর।

৪০. সৌমেন গিরি– গবেষক, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

আধুনিক ভারতীয় কথাসাহিত্যে জীবনসংগ্রাম ও উদ্বর্তন : পুনঃপাঠ ও পর্যালোচনা



AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

website.: www.amitrakshar.co.in
Email.: amitraksharpublishers@gmail.com
Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata - 700068
City Office: Maghlaya Apartment, Dum Dum, 6 Jossore Road, Kolkata - 700028
Phone :. 9735768900

ISBN 978-93-6008-051-8
9 789360 080518